"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
**Bangladesh Power Development Board**

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

সূত্র নং ঃ ৫৩-বিউবো(কর্ম)/৭/৩১.২/২০১৬

তারিখ ঃ ২৬-০২-২০১৭ খ্রিঃ।

## মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারী আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের মধ্যে **শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের নিকট হইতে** বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ-

| ক্রঃ নং | পদের নাম | যোগ্যতা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১) | হিসাবরক্ষক | ন্যূনতম বাণিজ্যে স্নাতোকোত্তর। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে হিসাব সংক্রান্ত কাজে ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১৬,০০০-৩৮,৬৪০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৭টি |
| ২) | সহকারী শিক্ষক | ক) স্নাতকোত্তর অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান)। সরকারী/সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট হইতে বি এড ডিগ্রী/ডিপ্লোমা থাকিতে হইবে। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। সরকারী/বেসরকারী যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১৬,০০০-৩৮,৬৪০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৪ টি |
| | | খ) স্নাতকোত্তর অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান)। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। সরকারী/বেসরকারী যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১২,৫০০-৩০,২৩০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | |
| ৩) | সহকারী হিসাবরক্ষক | ন্যূনতম বাণিজ্যে স্নাতক। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে হিসাব সংক্রান্ত কাজে ০২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১১,০০০-২৬,৫৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ১৫টি |
| ৪) | উচ্চমান সহকারী | ন্যূনতম স্নাতক/সমমান। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১১,০০০-২৬,৫৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৫ টি |
| ৫) | জুনিয়র শিক্ষক | ক) ন্যূনতম স্নাতক/সমমান। সরকারী/সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট হইতে বি এড ডিগ্রী/ডিপ্লোমা থাকিতে হইবে। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। সরকারী/বেসরকারী যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-১০,২০০-২৪,৬৮০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৫ টি |
| | | খ) ন্যূনতম স্নাতক/সমমান। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। সরকারী/বেসরকারী যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-৯,৩০০-২২,৪৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | |
| ৬) | এসবিএ-এ | ন্যূনতম এইচএসসি(বিজ্ঞান)/সমমান। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। নির্বাচিত প্রার্থীগণ ০১ বৎসরের জন্য শিক্ষানবিশ এসবিএ-এ হিসাবে প্রশিক্ষণে থাকিবেন। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তাঁহারা সর্বসাকুল্যে মাসিক ৯,৭০০/= টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্তির পর সংশ্লিষ্ট পদ শূন্য থাকিলে মেধার ভিত্তিতে এসবিএ-এ পদে নিয়োগ বিবেচনা করা হইতে পারে। পদ শূন্য না থাকিলে প্রশিক্ষণের পর সনদপত্র প্রদাণপূর্বক অব্যাহতি দেওয়া হইবে। ভবিষ্যতে পদ শূন্য পাওয়া গেলে পর্যায়ক্রমে নিয়োগ বিবেচিত হইতে পারে। **কেবলমাত্র প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকগণ (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্র) এই পদে আবেদন করিতে পারিবেন।** | টাঃ-৯,৭০০-২৩,৪৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৪ টি |
| ৭) | ষ্টোর কিপার-এ | ন্যূনতম এইচএসসি/সমমান। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। বৃহৎ কোন প্রতিষ্ঠানে ষ্টোর কিপিং এর কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারের (MS Office) উপর যথাযথ প্রশিক্ষণসহ বাস্তব জ্ঞান থাকিতে হইবে। এই সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। | টাঃ-৯,৩০০-২২,৪৯০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ১১ টি |
| ৮) | শিক্ষানবিশ | ন্যূনতম এসএসসি(বিজ্ঞান)/সমমান। কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণী/জিপিএ-২.০০ এর নিম্নে নহে। সরকার অনুমোদিত কারিগরী ইনস্টিটিউট হইতে এসএসসি'র সমমানের কারিগরী ট্রেড কোর্স পাশ করা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। নির্বাচিত প্রার্থীগণ ০১ বৎসরের জন্য প্রশিক্ষণার্থী শিক্ষানবিশ হিসাবে প্রশিক্ষণে থাকিবেন। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তাঁহারা সর্বসাকুল্যে মাসিক ৯,০০০/= টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্তির পর সংশ্লিষ্ট পদ শূন্য থাকিলে মেধার ভিত্তিতে কারিগরী-এ গ্রেডের সংশ্লিষ্ট পদে নিয়োগ বিবেচনা করা হইতে পারে। পদ শূন্য না থাকিলে প্রশিক্ষণের পর সনদপত্র প্রদাণপূর্বক অব্যাহতি দেওয়া হইবে। ভবিষ্যতে পদ শূন্য পাওয়া গেলে পর্যায়ক্রমে নিয়োগ বিবেচিত হইতে পারে। **কেবলমাত্র প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকগণ (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্র) এই পদে আবেদন করিতে পারিবেন।** | টাঃ-৯,০০০-২১,৮০০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ১১৭ টি |
| ৯) | সাহায্যকারী | ন্যূনতম জেএসসি(পূর্বতন ৮ম শ্রেনী)/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কারিগরী ট্রেডের উপর প্রশিক্ষণ প্রাপ্ত/অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। | টাঃ-৮,৫০০-২০,৫৭০/= ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ৬০ টি |

চলমান পত্রপাতা-২ ;

"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"



**শর্তাবলী ঃ**

১) বয়সসীমা ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে ১৮-৩২ বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত বিভাগীয় প্রার্থী এবং কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীগনকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৩) নিয়োগের ক্ষেত্রে এই সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।

৪) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ, মুক্তিবার্তা নম্বর, গেজেট, ভারতীয় তালিকায় যদি নাম থাকে তাঁহার কপি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা দাবী করার ক্ষেত্রে পিতামহ/মাতামহ, পিতা-মাতা ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক আবেদনপত্রের সংগে সংযুক্ত করিতে হইবে।

৫) দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক, কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা এর অনুকূলে ক্রমিক নং ১-৮ এ বর্ণিত পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা এবং ক্রমিক নং-৯ এ বর্ণিত পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের অফেরৎযোগ্য ক্রসড পোষ্টাল অর্ডার, (২) সদ্য তোলা তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল পরীক্ষা পাশের মূল সনদের অনুলিপি, (৪) দুইজন অনাত্মীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কাউন্সিলরের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) নিজ ঠিকানা লিখিত ও ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ২৮×১১ সেঃমিঃ সাইজের একটি খাম আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

৬) দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট (www.bpdb.gov.bd) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাছাড়া কক্ষ নং-৪১১ ও ৪১৫, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল, ঢাকা এবং বোর্ডের বিতরণ/উৎপাদন জোনের প্রধান প্রকৌশলী, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/ময়মনসিংহ/ কুমিল্লা ও সিলেট এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

৭) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করা হইলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোন ক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। **খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।**

৮) আবেদনপত্র আগামী ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর স্বহস্তে/ডাকযোগে/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৯) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতীত এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৮/২/১৭

(মোঃ সেলিম রেজা)
পরিচালক, কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।